

১. শিরোনাম

এ নীতিমালা লোক ও কারুশিল্পী পদক প্রদান, নীতিমালা ২০২২ নামে অভিহিত হবে।

২. পটভূমি

লোক ও কারুশিল্প বাংলাদেশের সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। বাংলার লোকজ জীবনধারার দৈনন্দিন জীবনচারের দৃশ্যমান নান্দনিকতা, চিন্তা-চেতনা, বিশ্বাস ও স্বপ্ন, লোক ও কারুশিল্পের মধ্যে নিহিত। কারুশিল্পী এবং তাঁর সৃষ্ট কর্মকে মূল্যায়নের মাধ্যমে এ শিল্পকে সজীব রাখা এবং এর বিকাশের লক্ষ্যে রাষ্ট্রীয় সম্মাননা প্রদানের জন্য এ নীতিমালা প্রণয়ন করা হলো।

৩. বাস্তবায়ন কর্তৃপক্ষ

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন।

৪. সম্মাননার বিবরণ

- (১) পদকপ্রাপ্ত লোক ও কারুশিল্পীকে ৪৫ মিলিমিটার ব্যাসের গোলাকার ও ০৩ মিলিমিটার পুরু ২১ (একুশ) ক্যারেট স্বর্ণনির্মিত এক ভরি বা ১১.৬৬ গ্রাম ওজনের পদক প্রদান করা হবে।
- (২) পদকের সম্মুখভাগে ফাউন্ডেশনের মনোগ্রাম ও দেশের নাম এবং 'লোক ও কারুশিল্পী পদক (সাল)'-এর উল্লেখ থাকবে। পিছনের অংশে লোক ও কারুশিল্পের মাধ্যম, পদকপ্রাপ্ত শিল্পীর নাম, সরকারি মনোগ্রাম, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর নাম উল্লেখ থাকবে।
- (৩) পদকপ্রাপ্ত লোক ও কারুশিল্পীকে নগদ এক লক্ষ টাকা ও সনদপত্র প্রদান করা হবে।

৫. যে সকল লোক ও কারুশিল্প মাধ্যম এ পদক প্রদান করা হবে

- (১) মৃৎশিল্প (চিত্রিত মাটির শিল্পকর্ম/মাটির পুতুল/পোড়ামাটির তৈজসপত্র);
- (২) দারুশিল্প (কারুকর্ম সংবলিত কাঠখোদাই বা চিত্রিত দারুশিল্প);
- (৩) শীতলপাটি, বাঁশ ও বেতের লোক-কারুশিল্প সামগ্রী;
- (৪) বয়নশিল্প (জামদানি, রেশম ও অন্যান্য তাঁতশিল্প);
- (৫) নকশি হাতপাখা;
- (৬) পাটজাত কারুশিল্প;
- (৭) ধাতব কারুশিল্প;
- (৮) অলংকার শিল্প;
- (৯) নকশিকাঁথা ও সূচিশিল্প;
- (১০) শঙ্খ, বিনুক ও মুক্তাশিল্প;
- (১১) শোলা শিল্প এবং হস্তনির্মিত কাগজ শিল্প;
- (১২) আলপনা ও নকশা;
- (১৩) পটচিত্র ও রিক্সা পেইন্টিং
- (১৪) বিবিধ লোক ও কারুশিল্প।

৬. পদকপ্রাপ্তির ক্ষেত্রে আবেদন করার যোগ্যতা

- (১) ঐতিহ্যবাহী লোক ও কারুশিল্পের ৫ অনুচ্ছেদে বর্ণিত যে কোনো মাধ্যমের একজন অভিজ্ঞ ও দক্ষ শিল্পী হতে হবে;
- (২) তৈরি কারুপণ্যে কারুশিল্পীর স্বকীয়তা সৃজনশীলতা এবং নান্দনিকতার বহিঃপ্রকাশ থাকতে হবে।

৭. আবেদন আহ্বান ও বাছাই

- (১) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রতিবছর আগস্ট মাসের ৩১ তারিখের মধ্যে বহুল প্রচারিত দুইটি বাংলা জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে আবেদন আহ্বান করবে। এছাড়াও, ফাউন্ডেশন এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে;
- (২) নির্ধারিত আবেদন ফরম (তফশিল-ক) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের কার্যালয় এবং ঢাকাস্থ শিল্পকলা একাডেমি থেকে সংগ্রহ করতে হবে। পাশাপাশি, ফাউন্ডেশন ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে আবেদন ফরম ডাউনলোড করতে পারবে।

- (৩) আবেদন ফরমে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ বরাবর সরাসরি/অনলাইনে/ডাকযোগে দাখিল করতে হবে;
- (৪) বিগত বছরে অন্য কোনো প্রতিষ্ঠান থেকে সম্মাননা পেয়ে থাকলে সে তথ্য আবেদনে উল্লেখ করতে হবে;
- (৫) লোক ও কারুশিল্প তৈরিতে জাতীয় ও আন্তর্জাতিক সম্মাননা বা স্বীকৃতি পেয়ে থাকলে কিংবা বিশেষ অর্জন থাকলে তার প্রমাণক আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে;
- (৬) লোক ও কারুশিল্পীর শ্রেষ্ঠ শিল্পকর্মের অন্তত ২ (দুই)টি নমুনা আবেদনের সঙ্গে জমা দিতে হবে;
- (৭) মিথ্যা তথ্য প্রদান করে পদকপ্রাপ্তির জন্য আবেদন করা করা হলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. পদক প্রদানের রীতি

- (১) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
- (২) প্রতিবছর ন্যূনতম একজন নারীসহ ৩ (তিন) জন কারুশিল্পীকে এ পদক প্রদান করা হবে;
- (৩) প্রতিবছর একই জেলা থেকে একই মাধ্যমে একাধিক লোক ও কারুশিল্পীকে নির্বাচিত করা যাবে না;
- (৪) একবার পদক প্রাপ্ত হলে পুনরায় তাঁর আবেদন বিবেচনা করা হবে না।

৯. মনোনয়ন কমিটি গঠন

লোক ও কারুশিল্পী পদক প্রদানের জন্য প্রাপ্ত আবেদনসমূহ বাছাই ও মনোনয়নের জন্য নিম্নরূপভাবে একটি মনোনয়ন কমিটি থাকবে

- (১) অতিরিক্ত সচিব (উইং প্রধান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় - সভাপতি
- (২) সংশ্লিষ্ট শাখা/অধিশাখা কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় - সদস্য
- (৩) মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রতিনিধি - সদস্য
- (৪) ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় - সদস্য
- (৫) সভাপতি, বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদ - সদস্য
- (৬) ফাউন্ডেশনের পরিচালনা বোর্ডের একজন সম্মানিত সদস্য
(লোক ও কারুশিল্প উন্নয়নে উৎসাহী তিনজন সদস্যের মধ্যে একজন সদস্যকে সবিম কর্তৃক মনোনীত করা হবে) - সদস্য
- (৭) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের প্রধান নকশাবিদ (শিল্পী প্রতিনিধি) - সদস্য
- (৮) পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন - সদস্য-সচিব

১০. মনোনয়ন কমিটির কার্যপরিধি

কমিটি প্রাপ্ত আবেদনসমূহ বাছাই করে প্রতিবছর ন্যূনতম একজন নারীসহ ৩ (তিন) জন লোক ও কারুশিল্পীকে পদক প্রদানের জন্য সুপারিশ করবে।

১১. লোক ও কারুশিল্প পদক প্রদান তহবিল

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন, ১৯৯৮-এর ধারা-৯-এ গঠিত তহবিল হতে এ পদক প্রদানের যাবতীয় ব্যয়ভার বহন করা হবে।

১২. নীতিমালা সংশোধন

প্রয়োজনে সরকারের অনুমোদনক্রমে নির্বাহী আদেশ দ্বারা এ নীতিমালা সংশোধন/হালনাগাদ করা যাবে।

ড. আহমেদ উল্লাহ
পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন